

আমার আর হবে না দেরি—
 আমি শুনেছি ওই বাজে তোমার ভেরী ।
 তুমি কি নাথ, দাঁড়িয়ে আছ আমার যাবার পথে ।
 মনে হয় যে ক্ষণে ক্ষণে মোর বাতায়ন হতে
 তোমায় যেন হেরি—
 আমার আর হবে না দেরি ॥
 আমার স্বপন হল সারা,
 এখন প্রাণে বাঁশি বাজায় সন্ধ্যাতারা ।
 দেবার মতো যা ছিল মোর নাই কিছু আর হাতে,
 তোমার আশীর্বাদের মালা নেব কেবল মাথে
 আমার ললাট ঘেরি—
 আমার আর হবে না দেরি ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairavi-Kalingara
 Visit www.geetabitan.com for notation and other detail